# Nadia Zilla Parishad

(Water & Sanitation Cell)

Krishnagar, Nadia, Phone No. 03472-223195

e-mail ID: tscnadia@gamil.com / shiben02@gmail.com


## সভার কার্য্যবিবরণী

## বিষয়:- "সবার শৌচাগার"

***স্থান:-*** নদীয়া জিলা পরিষদ সভাকক্ষ ***তারিখ:-*** ০৮-১১-২০১৩

সভার শুরুতে মাননীয় জেলা শাসক, নদীয়া ডঃ পি.বি.সালিম মহাশয় বলেন ১৯শে নভেম্বর' ২০১৩ আর্ন্তজাতিক ***"শৌচাগার দিবস"*** । এই দিবস উপলক্ষে প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতকে সভা ও উপভোক্তা সংগ্রহের ক্যাম্প করতে হবে । জেলা থেকে প্রয়োজনীয় IEC Materials পাঠানো হবে ।

মাননীয় জেলা শাসক ,নদীয়া ডঃ পি.বি.সালিম মহাশয় ***"সবার শৌচাগার"*** প্রকল্প সফল করতে আগামী ৩০শে জানুয়ারী'২০১৪ এর মধ্যে ১ লক্ষ শৌচাগার নির্মানের লক্ষ্যের উপর জোর দেন এবং সর্বস্তরে উদ্যোগ নিতে বলেন । এই বিষয়ে বিশেষ আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি কার্যকর করতে নির্দেশ দেন ।

- সাপ্তাহিক ও মাসিক পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে কৃষ্ণগঞ্জ ও তেহট্ট-২ ব্লকের কাজের অগ্রগতি যথেষ্ট ভালো এই জন্য মাননীয় জেলা শাসক,নদীয়া ডঃ পি.বি.সালিম মহাশয় নির্দেশ দেন অতিরিক্ত উদ্যোগ নিয়ে ***এই প্রচার অভিযানের মধ্যেই*** এই দুটো ব্লকের সকল পরিবারের ***শৌচাগার নির্মান কাজ সমাপ্ত*** করতে হবে ।

- যে সমস্ত ব্লক এখন গ্রাম পঞ্চায়েত ভিত্তিক স্যানিটারী মার্ট বা সংঘ বা স্বসহায়ক দলকে ভাগ করেন নি সেই সমস্ত ব্লক আগামী ১১-১০-১৩ এর মধ্যে গ্রাম পঞ্চায়েত ভিত্তিক স্যানিটারী মার্ট বা সংঘ বা স্বসহায়ক দল ভাগ করে সার্বিক স্বাস্থ্যবিধান শাখায় ই-মেলে রিপোর্ট পাঠাবেন ।

- যে সমস্ত স্যানিটারী মার্ট বা সংঘ বা স্বসহায়ক দলের কাজের অগ্রগতি এখন পর্যন্ত আশাব্যঞ্জক নয় তাদের ক্ষেত্রে মাননীয় জেলা শাসক বলেন আগামী ২(দুই) সপ্তাহ তাদের লক্ষমাত্রা অনুযায়ী কাজের অগ্রগতির উন্নতি না ঘটলে তাদের বাতিল করে দেওয়া হবে ।

- সভায় জেলা শাসক, নদীয়া মহাশয় নির্দেশ দেন যে, আগামী ১৫-১১-১৩ তারিখের মধ্যে সমস্ত ব্লকের যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক প্রত্যেকটি স্যানিটারী মার্টের প্রত্যেকটি Production Centre পরিদর্শন করে একটি রিপোর্ট জেলা শাসক অফিস, নদীয়া ও জেলা স্বাস্থ্যবিধান শাখা, নদীয়া জিলা পরিষদ অফিসে পাঠাবেন । অনুরূপে জেলা গ্রামীন উন্নয়ন শাখার প্রকল্প অধিকর্তা ও নাবার্ড এর জেনারেল ম্যানেজার একই ভাবে তাদের সংঘ , স্বসহায়ক দলের Production Centre পরিদর্শন করে আগামী ১৫-১১-১৩ তারিখের মধ্যে একটি রিপোর্ট জেলা শাসক অফিস,নদীয়া ও জেলা স্বাস্থ্যবিধান শাখা , নদীয়া জিলা পরিষদ অফিসে পাঠাতে হবে ।

- সভায় জেলা শাসক, নদীয়া মহাশয় বলেন হাঁসখালি ব্লকের মামজোয়ান জনকল্যান সমাজ,করিমপুর-২ ব্লকের বিনয় বাদল দীনেশ ও চাকদহ ব্লকের উদয়নগর শিশুনাট্যম সংস্থা স্যানিটারী মার্টের কাজের অগ্রগতি আশাব্যঞ্জক নয় সেই কারনে তিনি নির্দেশ দেন আগামী মাসের মধ্যে এই মার্ট দেয় লক্ষ্যমাত্রা অনুযায়ী কাজ সম্পন্ন করতে না পারলে তাদের বাতিল করে দেওয়া হবে ।

- জেলা শাসক, নদীয়া মহাশয় নির্দেশ দেন অবিলম্বে হরিনঘাটা ব্লকের নতুন মার্ট কাটাগঞ্জ স্পন্দন সোসাল ওয়েলফেয়ার অরগানাইজেশনকে নগরওখরা-১ এবং নগরওখরা-২ গ্রাম পঞ্চায়েতের উপভোক্তার তালিকা আগামী ১১-১১-১৩ তারিখের মধ্যে দেওয়ার নির্দেশ দেন এবং যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক মহাশয়াকে নির্দেশ দেন তিনি যেন সমষ্টি উন্নয়ন আধিকারিক মহাশয়ের সাথে কথা বলে আগামী সোমবার ১১-১১-১৩ তারিখ এই দুই পঞ্চায়েত প্রধানকে চিঠি করে স্যানিটারী মার্টকে সরাসরি কাজ করার সুযোগ করে দেন ।

- সভায় জেলা শাসক, নদীয়া মহাশয় সমস্ত যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিকগনদের নির্দেশ দেন খুব দ্রুততার সঙ্গে গ্রাম পঞ্চায়েতের সাথে কথা বলে উপভোক্তার তালিকা স্যানিটারী মার্টকে তুলে দিতে হবে । কোন অবস্থাতেই অযথা দেরী কাম্য নয় ।

সভায় মাননীয় সচিব, নদীয়া জিলা পরিষদ মহাশয় সকল যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিকদের উদ্দেশ্যে বলেন, অবিলম্বে আগের টাকার Utilisation Certificate জেলা স্বাস্থ্যবিধান সেলে পাঠাতে অনুরোধ করেন। তিনি আরো বলেন যে সমস্ত শৌচাগারের কাজ হয়ে যাচ্ছে সেই সমস্ত উপভোক্তার নাম DDWS Web Site –এ on line Entry করে দিতে বলেন।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে , স্যানিটারী মার্ট ও অন্যন্য আধিকরিকদের নিয়ে জেলা পর্যায়ে প্রতিমাসের ১ম শুক্রবারে এবং ব্লক পর্যায়ে ২য় ও ৪র্থ শুক্রবারে এবং মহকুমা পর্যায়ে ৩য় শুক্রবারে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার কাজ এখানেই সমাপ্ত করা হয়।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
নদীয়া জেলা পরিষদ

*পত্রাঙ্ক নং : ২৭২৩ /(৮৯)/নঃজিঃপঃ* *তারিখঃ ১৬/১১/২০১৩*

*অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য প্রেরন করা হলঃ-*

১। দিব্যেন্দু সরকার , কমিশনার, মহত্মা গান্ধী জাতীয় কর্ম নিশ্চয়তা প্রকল্প।
২। মাননীয় পান্নালাল মহাপাত্র যুগ্ম সচিব,পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর,পশ্চিমবঙ্গ সরকার।
৩। রাজ্য সমন্বয়কারী,নির্মল ভারত অভিযান, জল ও স্বাস্থ্যবিধান শাখা।
৪।ব্যাক্তিগত সহায়ক , সভাধিপতি, নদীয়া জেলা পরিষদ।
৫। আপ্ত সহায়ক, জেলা শাসক,নদীয়া।
৬। আপ্ত সহায়ক, অতিরিক্ত নির্বাহী আধিকারিক,নদীয়া জেলা পরিষদ।
৭। আপ্ত সহায়ক, সচিব, নদীয়া জেলা পরিষদ।
৮। পি.ডি., ডি.আর.ডি.সি, নদীয়া।
৯। ডি.এন.ও, এম.জি.এন.আর.জি.এ।
১০। কর্মাধ্যক্ষ, জনস্বাস্থ্য, নদীয়া জেলা পরিষদ।
১১। অধ্যক্ষ,নদীয়া জেলা পরিষদ।
১২-১৫। মহকুমা শাসক , --------------------------,নদীয়া।
১৬-৩২। সমষ্টি উন্নয়ন আধিকারিক, ------------------------ পঞ্চায়েত সমিতি।
৩৩-৪৯। সভাপতি, -------------------------------------- পঞ্চায়েত সমিতি।
৫০। --------------------------- নাবার্ড, নদীয়া।
৫১। সংঘ,------------------------------।
৫২-৮৭। স্যানিটারী মার্ট,---------------------------,নদীয়া।
৮৮। স্ব নির্ভর দল,--------------------------------------।
৮৯। জেলা সমন্বয়কারী, (জল ও স্বাস্থ্যাবধান সেল),নদীয়া জেলা পরিষদ।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
নদীয়া জেলা পরিষদ